# হজ্জ, উমরা ও যিয়ারত গাইড

বিভাগ/অধ্যায়ঃ ৯ জিলহজ্জ : উকুফে আরাফা

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

মিনায় পৌঁছে করণীয়

আজ ১০ জিলহজ্জ। হজ্জের বড়ো দিন। রাসূলুল্লাহ (ﷺ)এই দিন সাহাবিগণকে প্রশ্ন করে বলেছিলেন, ‘এটা কোন দিন?’ উত্তরে তাঁরা বলেছিলেন, ‘এটা য়াইমুন্নাহর-কোরবানির দিন। রাসূলুল্লাহ বললেন, ‘এটি হজ্জের বড়ো দিন’[1] বছরের সর্বোত্তম দিবস। রাসূলুল্লাহ বলেছেন, ‘আল্লাহ তাবারাকা ওয়া তাআলার কাছে সর্বোত্তম দিবস হল কোরবানির দিন। তারপর পরের দিন।[2] এই দিনে হজ্জের চারটি কাজ অনুষ্ঠিত হয়, যারা হাজি নয় তাদের জন্য ঈদের সালাত ও কোরবানি একত্রিত হয়। সে হিসেবে এই দিনের মর্যাদা অত্যন্ত বেশি। তাই হজ্জ-পালনকারী ভাগ্যবান ব্যক্তির উচিৎ যথাযথ সম্মানের সাথে ও সমস্ত পাপ ও গুনাহ হতে মুক্ত থেকে এ দিনটি অতিবাহিত করা।

## ফুটনোট

[1] ـ عن ابن عمر رضى الله عنهما أن رسول الله صلى الله عليه وسلم قال يوم النحر : أي يوم هذا ؟ قالوا يوم النحر ، قال : هذا يوم الحج الأكبر (আবু দাউদ: হাদিস নং ১৯৪৫ ) আলবানি এ হাদিসটিকে শুদ্ধ বলেছেন।

[2] - আবু দাউদ : হাদিস নং ১৭৬৫ ; আলাবানী হাদিসটি সহিহ বলেছেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=3520

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন